দেশজুড়ে | গাজীপুর

গাজীপুর • আন্দোলনরত শ্রমিকদের হামলায় সাংবাদিক আহত, ক্যামেরাসহ ব্যাগ লুট



সাংবাদিক জাহাঙ্গীর আলম / ছবি: জাগো নিউজ

জেলা প্রতিনিধি, গাজীপুর
প্রকাশিত: ১ নভেম্বর ২০২৬ | ৫:১৪ পিএম

Add Jagonews24 on ফটোকার্ড শেয়ার

গাজীপুরে শ্রমিক বিক্ষোভের সংবাদ সংগ্রহের সময় আন্দোলনরত শ্রমিকদের হামলায় স্যাটেলাইট টেলিভিশন দীপ্ত টিভি'র গাজীপুর প্রতিনিধি জাহাঙ্গীর আলম আহত হয়েছেন। এসময় তার ক্যামেরাসহ ব্যাগ ও ব্যাগে থাকা মূল্যবান জিনিসপত্র ছিনিয়ে নিয়ে যায় আন্দোলনকারীরা।

রোববার (১ নভেম্বর) দুপুর দেড়টার দিকে পল্লী বিদ্যুৎ এলাকায় এ হামলার ঘটনা ঘটে।

দীপ্ত টিভি'র গাজীপুর জেলা প্রতিনিধি জাহাঙ্গীর আলম বলেন, রোববার সকাল থেকেই বেতন বাড়ানোর দাবি নিয়ে গাজীপুরের ঢাকা-টাঙ্গাইল মহাসড়কে আন্দোলন করে আসছিল বিভিন্ন কারখানার শ্রমিকরা। সকাল থেকেই সংবাদ সংগ্রহে ব্যস্ত ছিলাম। দুপুর দেড়টার দিকে ঢাকা-টাঙ্গাইল মহাসড়কের পল্লী বিদ্যুৎ এলাকায় সংবাদ সংগ্রহকালে বিক্ষোভরত শ্রমিকরা পরিচয় জানতে চান এবং ভিডিও করা হয়েছে কেন, তা জানতে চান।

তিনি আরও বলেন, এসময় কয়েকজন শ্রমিক আমাকে মারতে উদ্যত হলে প্রাণ ভয়ে দৌড় দিয়ে একটি গলির ভেতর চলে যায়। উত্তেজিত শ্রমিকরা পেছনে দৌড়ে এসে আমাকে মারধর করেন। এসময় কাঁধে থাকা ব্যাগ, ব্যাগে থাকা ক্যামেরাসহ সাংবাদিকতার কাজে ব্যবহৃত মূল্যবান সামগ্রী লুট করে নিয়ে যায়। পরে গলির ভেতর একটি বাড়িতে গিয়ে আশ্রয় নেয়।

শিহাব খান/এসজেডএইচ/এএসএম

ফলো করুন গুগল নিউজ চ্যানেল হোয়াটসঅ্যাপ চ্যানেল

শ্রমিক আন্দোলন হামলা সাংবাদিক

পাঠকপ্রিয় অনলাইন নিউজ পোর্টাল জাগোনিউজ২৪.কমে লিখতে পারেন আপনিও। লেখার বিষয় ফিচার, ভ্রমণ, লাইফস্টাইল, ক্যারিয়ার, তথ্যপ্রযুক্তি, ধর্ম, কৃষি ও প্রকৃতি। আজই আপনার লেখাটি পাঠিয়ে দিন jagofeature@gmail.com ঠিকানায়।

অবরোধের সাড়ে ৪ ঘণ্টা পর ঢাকা-টাঙ্গাইল মহাসড়কে যান চলাচল স্বাভাবিক

প্রকাশিত: ২ নভেম্বর ২০২৬ | ২:০৬ পিএম



নূন্যতম ৩০ হাজার টাকা মজুরির দাবিতে শ্রমিক আন্দোলনে আজও উত্তাল গাজীপুর শিল্পাঞ্চল। শ্রমিকরা সকালে

সর্বশেষ সংবাদ



বিশ্ববাজারে সোনার দামে সুসময়ের ইঙ্গিত, কেনার সেরা সুযোগ কি এখনই?
২ মিনিট আগে



চট্টগ্রামে বিভিন্ন অপরাধে ২৪ ঘণ্টায় গ্রেফতার ৮৮৯
৬ মিনিট আগে



অবরোধের সাড়ে ৪ ঘণ্টা পর ঢাকা-টাঙ্গাইল মহাসড়কে যান চলাচল স্বাভাবিক
৭ মিনিট আগে



অপেক্ষায় ২০ হাজারের বেশি হজযাত্রী, কোটা বাড়াতে কূটনৈতিক তৎপরতা চায় হাব
৮ মিনিট আগে



ময়লা-আবর্জনায় দূষিত ভৈরবের মেঘনা, হুমকিতে জলজ প্রাণী
৮ মিনিট আগে

ঢাকা-টাঙ্গাইল মহাসড়ক অবরোধ করে বিক্ষোভ...

বিস্তারিত পড়ুন

ময়লা-আবর্জনায় দূষিত ভৈরবের মেঘনা, হুমকিতে জলজ প্রাণী

প্রকাশিত: ২ নভেম্বর ২০২৬ | ২:০৫ পিএম



হাওরাঞ্চলের প্রবেশদ্বার হিসেবে পরিচিত কিশোরগঞ্জের ভৈরবের মেঘনা নদী। বন্দরনগরী হওয়ায় ভৈরবসহ আশপাশের কয়েকটি জেলার মানুষের যোগাযোগ...

বিস্তারিত পড়ুন

পিরোজপুরে দুই শিক্ষা প্রতিষ্ঠানে ৭ শিক্ষার্থী, পাস করেনি কেউ

প্রকাশিত: ২ নভেম্বর ২০২৬ | ২:০০ পিএম



উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট (এইচএসসি) পরীক্ষার ফলাফলে পিরোজপুরের দুটি শিক্ষা প্রতিষ্ঠানের ২৪ শিক্ষকের ৭ জন পরীক্ষার্থীর মধ্যে কেউ উত্তীর্ণ হতে পারেনি...

বিস্তারিত পড়ুন

গাজীপুরে শ্রমিক আন্দোলন: পুলিশের গাড়ি ভাঙচুর-অগ্নিসংযোগ

প্রকাশিত: ২ নভেম্বর ২০২৬ | ১:৩৬ পিএম



ন্যূনতম ৩০ হাজার টাকা মজুরির দাবিতে শ্রমিক আন্দোলনে আজও উত্তাল গাজীপুর শিল্পাঞ্চল। রোববার (২ নভেম্বর) দুপুরে গাজীপুরের নাওজোড় এলাকায় পুলিশের একটি ভ্যানে অগ্নিসংযোগ ও দুটি গাড়িতে ভাঙচুর...

বিস্তারিত পড়ুন

অ্যাপ ডাউনলোড করুন

GET IT ON Google Play

Available on the App Store

Jagonews24

Jagonews24: বস্তুনিষ্ঠ সংবাদের অনলাইন ঠিকানা

জাগোনিউজ২৪ বাংলাদেশের শীর্ষস্থানীয় অনলাইন নিউজ পোর্টাল। রাজনীতি, অর্থনীতি, খেলাধুলা ও বিনোদনসহ দেশ-বিদেশের সর্বশেষ ব্রেকিং নিউজ ও নির্ভরযোগ্য সংবাদের জন্য সাথেই থাকুন জাগোনিউজ২৪-এর।

সম্পাদক: কে. এম. জিয়াউল হক

© ২০২৬ সর্বস্বত্ব সংরক্ষিত | জাগোনিউজ২৪.কম

একেসি প্রাইভেট লিমিটেডের একটি প্রতিষ্ঠান

আজহার কমফোর্ট কমপ্লেক্স (৫ম তলা)
গ-১৩০/এ প্রগতি সরণি, মধ্যবাড্ডা, ঢাকা-১২১২